

লেখকচারণ -১(১৪.১০.২০)



পাহাড়পুর বৌদ্ধবিহার

পাহাড়পুর এর গুরুত্বপূর্ণ তথ্য:

- চারিদিকে পাহাড় না থাকলেও জায়গার নাম পাহাড়পুর ।
- এটি বিশ্বের একটি বিখ্যাত জায়গা ।
- পাহাড়পুরে রয়েছে সুপ্রাচীন বৌদ্ধবিহার ।
- বৌদ্ধধর্মের অনুসারী ভিক্ষুকগণ প্রায় ১৪শ বছর আগে কোন একটি বিশেষ জায়গায় থাকতেন
- বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ যে বিশেষ জায়গায় থেকে ধর্মচর্চা করতেন তার নাম বিহার ।
- বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ বিহারে থেকে ধর্মচর্চা করতেন এবং শিষ্যদের ধর্ম শিক্ষা দিতেন ।
- বাংলাদেশে অনেক বৌদ্ধ বিহার আছে ।
- কুমিল্লার ময়নামতিতে আছে শালবন বিহার ।
- প্রাচীন এই পাহাড়পুর বিহার এক সময় খালি পড়ে থাকতো
- অনেকে প্রাচীন পাহাড়পুর বিহার সম্পর্কে মনে করতেন যে যুগযুগ ধরে চারপাশ থেকে ধুলোবালি উড়ে এসে জমা হয়েছে এবং একসময় মাটির স্তূপে এটি ঢাকা পড়ে পাহাড়ের আকার ধারণ করেছে ।
- একসময় মাটির স্তূপে ঢাকা পড়ে পাহাড়পুর বিহার পাহাড়ের আকৃতি ধারণ করেছিল বলে এর নাম হয়েছে পাহাড়পুর বিহার ।
- দীর্ঘকাল পড়ে ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম পাহাড়পুরে এই বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন ।
- পাহাড়পুর বিহারের আরেকটি নাম সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার ।